

## বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা- ৯৭(৩০)

/বি.সি.ডবলু.পি.

তারিখ-২০/১/১৪

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে-

১। পুরুলিয়া জেলার ৬টি কেন্দ্রীয় ছাত্রাবাসে বিভিন্ন পদে চুক্তিভিত্তিক/আংশিক সময়ের নিয়োগের জন্য প্রাথমিকভাবে গ্রাহ্য আবেদনকারীদের মৌখিক/লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড পাঠান হয়েছে।

২। ছাত্রাবাসগুলি হল-

(অ) রঘুনাথপুর মহকুমায় অবস্থিত দুবরা (অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের ছাত্রীদের জন্য),

(আ) রঘুনাথপুর মহকুমায় অবস্থিত কাশীপুর (তপশিলী উপজাতি সম্প্রদায়ের ছাত্রদের জন্য),

(ই) রঘুনাথপুর মহকুমায় অবস্থিত রঘুনাথপুর (তপশিলী জাতি সম্প্রদায়ের ছাত্রীদের জন্য),

(ঈ) পুরুলিয়া সদর পশ্চিম মহকুমায় অবস্থিত আহররা (অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের ছাত্রীদের জন্য),

(উ) পুরুলিয়া সদর পশ্চিম মহকুমায় অবস্থিত কোটশিলা (অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ের ছাত্রীদের জন্য) ও

(ঊ) পুরুলিয়া সদর পূর্ব মহকুমায় জে. কে. কলেজে অবস্থিত কেন্দ্রীয় ছাত্রাবাস (তপশিলী জাতি সম্প্রদায়ের ছাত্রদের জন্য)

৩। প্রাথমিকভাবে উপযুক্ত সাব্যস্ত হওয়া আবেদনকারীদের তালিকা জেলা পরিষদ/জেলা শাসকের করণ/মহকুমা শাসকের করণ/সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ/নিম্নস্বাক্ষরকারীর করণে প্রদর্শন করা হয়েছে। উক্ত তালিকায় আবেদনকারীদের পরীক্ষার দিনসূচী ও স্থান বর্ণিত আছে। এছাড়া এই তালিকা নিম্নলিখিত দু'টি ওয়েবসাইটেও দেখতে পাওয়া যাবে-

(অ) <http://purulia.gov.in> (Results Notices) (আ) [www.puruliazp.in](http://www.puruliazp.in) (Recruitment- Other Offices)


৪। কেন্দ্রীয় ছাত্রাবাসে রাঁধুনি, সহকারী রাঁধুনি, ঝাড়ুদার, দারোয়ান-তথা-নৈশপ্রহরী নিয়োগের জন্য মৌখিক পরীক্ষা সেই কেন্দ্রীয় ছাত্রাবাস যে মহকুমায় অবস্থিত, সেই মহকুমার মহকুমা শাসকের করণে অনুষ্ঠিত হবে।

৫। রঘুনাথপুর মহকুমায় অবস্থিত কেন্দ্রীয় ছাত্রাবাসের ইন্টারভিউ ২৭শে জানুয়ারী, ২০১৪ থেকে ৩১শে জানুয়ারী, ২০১৪ পর্যন্ত প্রত্যহ বেলা ১১টা থেকে পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে। পুরুলিয়া সদর পূর্ব মহকুমায় অবস্থিত ছাত্রাবাসের ইন্টারভিউ ১০ই ফেব্রুয়ারী, ২০১৪ তারিখে বেলা ১১টা থেকে অনুষ্ঠিত হবে। পুরুলিয়া সদর পশ্চিম মহকুমায় অবস্থিত ছাত্রাবাসের ইন্টারভিউ ১১ই ফেব্রুয়ারী, ২০১৪ থেকে ১৪ই ফেব্রুয়ারী, ২০১৪ পর্যন্ত প্রত্যহ বেলা ১১টা থেকে ও ১৭ই ফেব্রুয়ারী তারিখ বেলা ১১টা থেকে পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৬। সকল কেন্দ্রীয় ছাত্রাবাসে সুপারিনটেনডেন্ট পদে নিয়োগের জন্য সকল পরীক্ষার্থীর লিখিত পরীক্ষা কেবলমাত্র ০২/২/২০১৪ তারিখে বেলা ১২টা থেকে পুরুলিয়া শহরে বাস স্ট্যাণ্ড-এর নিকটবর্তী মানভূম ভিক্টোরিয়া ইন্সটিটিউশনে অনুষ্ঠিত হবে। পরীক্ষা শুরুর ১৫ (পনের) মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষাকেন্দ্রে প্রবেশের অনুমতি দেওয়া হবে না।

৭। মৌখিক/লিখিত পরীক্ষায় প্রবেশের জন্য পরীক্ষার্থীকে সাথে করে উপযুক্ত নিজস্ব সচিত্র পরিচয়পত্র আনতে হবে।

৮। প্রাথমিকভাবে গ্রাহ্য কোন আবেদনকারী তাঁর অ্যাডমিট কার্ড ২৩/১/২০১৪ তারিখের মধ্যে হাতে না পেলে ডুপ্লিকেট অ্যাডমিট কার্ড ২৪শে জানুয়ারী, ২০১৪ ও ২৫শে জানুয়ারী, ২০১৪ তারিখে বেলা ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর করণের কম্পিউটার বিভাগ থেকে সংগ্রহ করতে পারবেন। তবে এজন্য তাঁকে তাঁর নিজস্ব দুইটি পাশপোর্ট সাইজের সাম্প্রতিক ছবি ও তাঁর নিজস্ব কোন উপযুক্ত সচিত্র পরিচয়পত্র সাথে করে আনতে হবে।



প্রকল্প আধিকারিক -তথা-জেলা কল্যাণ আধিকারিক  
অনগ্রসর কল্যাণ, পুরুলিয়া

স্মারক সংখ্যা- ৯৭

/(৩০)/বি.সি.ডবলু.পি.

তারিখ-২০/১/১৪

বিজ্ঞপ্তি প্রকাশের জন্য পাঠান হল-

১। মাননীয় জেলাশাসক, পুরুলিয়া,

২। মাননীয় অতিরিক্ত জেলাশাসক, জেলা পরিষদ, পুরুলিয়া,

৩। মাননীয় মহকুমা শাসক, রঘুনাথপুর/পুরুলিয়া সদর পূর্ব/পুরুলিয়া সদর পশ্চিম,

৪। সমষ্টি উন্নয়ন আধিকারিক, ..... (সকল), পুরুলিয়া,

৫। ডিস্ট্রিক্ট ইনফরমেশন অফিসার, এন.আই.সি., পুরুলিয়া,

৬। সম্পাদক, পুরুলিয়া দর্পণ/মানভূম সংবাদ/সীমারেখা,

৭। নিম্ন স্বাক্ষরকারীর করণের বিজ্ঞপ্তি স্থান।



প্রকল্প আধিকারিক -তথা-জেলা কল্যাণ আধিকারিক  
অনগ্রসর কল্যাণ, পুরুলিয়া